বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

সাভার, ঢাকা-১৩৪৩

www.bpatc.org.bd

পাঠক্রম শাখা

...

সভাপতি	আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ এমডিএস
সভার তারিখ	২৮/০৪/২০২১ খ্রি. (শনিবার)
সভার সময়	সকাল: ১১:০০
স্থান	এমডিএস (পিঅ্যান্ডএস) এঁর অফিস কক্ষ এবং অনলাইন মাধ্যম।
উপস্থিতি	অনলাইন মাধ্যম।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য বিপিএটিসি’র এপিএ টিমের ফোকাল পয়েন্টকে অনুরোধ জানান।

সভাপতির নির্দেশক্রমে ফোকাল পয়েন্ট সভার কার্যক্রম আরম্ভ করেন এবং প্রস্তুতকৃত খসড়া এপিএ লক্ষ্যমাত্রা উপস্থিত (স্বশরীরে এবং অনলাইনে সংযুক্ত) সদস্যবৃন্দের কাছে উপস্থাপন করেন যেন প্রদত্ত ২০২১-২২ অর্থবছরের জন্য প্রাথমিকভাবে প্রণয়নকৃত এপিএতে কোনো অসঙ্গতি না থাকে এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় পরিবর্তন, পরিমার্জন করা যায়।

বিপিএটিসি’র এপিএ ফোকাল পয়েন্ট ২০২১-২২ এর খসড়া এপিএ লক্ষ্যমাত্রার প্রতিটি কার্যসম্পাদনের ক্ষেত্র সূচক, সম্ভাব্য অর্জন, প্রক্ষেপণ ইত্যাদি তথ্য সুচারুভাবে উপস্থাপন করেন। এ বিষয়ে প্রণিধাণযোগ্য, উক্ত লক্ষ্যমাত্রাসমূহ কেন্দ্রের প্রতিটি শাখার/অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণের সাথে আলোচনাক্রমে এবং প্রাপ্ত দাপ্তরিক পত্রাদির মাধ্যমে নির্ধারণ করা হয়েছে। এপিএ ফোকাল পয়েন্টের উপস্থাপনায় সকল লক্ষ্যমাত্রাসমূহ সম্পর্কে সংশ্লিষ্ট দপ্তরসমূহ সঠিকভাবে অবহিত হয় এবং সকলের আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত বিষয়সমূহে পরিবর্তন, পরিমার্জনের সিদ্ধান্ত/সুপারিশ গৃহীত হয়:-

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/মন্তব্য

(১) বিপিএটিসি'র প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা	অতিমারী পরিস্থিতিতে বিপিএটিসি'র স্বাভাবিক প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে কিনা এ বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয়, এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা প্রতিপালনই শ্রেয়। ফলে, পূর্ববর্তী চলতিমান অনুসরণ/উল্লেখ গুরুত্বপূর্ণ বিষয় নয়। তবে কেন্দ্রের প্রশিক্ষণ বর্ষপঞ্জিকায় স্বাভাবিক একটি ধারা/সূচিক্রম অনুসরণের প্রস্তাব করা হয় যেনো অতিমারী পরিস্থিতির উন্নতিসাপেক্ষে প্রশিক্ষণসূচী সাজাতে সহায়ক হয়।	১.১ এফটিসি'র ক্ষেত্রে 'চলতি মানের নিম্নে' কলামে কোনো তথ্য প্রদানের প্রয়োজন নেই। সেই সঙ্গে এফটিসি'র লক্ষ্যমাত্রা হবে ২৫০ জন প্রশিক্ষণার্থী। ১.২ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণপূর্বক এসিএডি, এসএসসি'র লক্ষ্যমাত্রা হবে ৮০ জন করে প্রশিক্ষণার্থী। ১.৩ সভা/সেমিনার/ওয়ার্কশপ/ কনফারেন্স এর মোট লক্ষ্যমাত্রা হবে ১৭ (সতের) টি। ১.৪ ২০২১-২২ এর এপিএ লক্ষ্যমাত্রায় কোনো পিপিএমসি কোর্স রাখা হবেনা। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণীয় হবে। ১.৫ বিপিএটিসি'র প্রশিক্ষণ বর্ষপঞ্জিকায় স্বাভাবিক সূচি অনুসরণ করা যাবে।
(২) প্রকল্পভুক্ত লক্ষ্যমাত্রা	প্রকল্পভুক্ত লক্ষ্যমাত্রাসমূহের ক্ষেত্রে পূর্বে উল্লিখিত শব্দমালার পরিমার্জনের বিষয়ে সভায় ঐকমত্য পোষণ করা হয় এবং লক্ষ্যমাত্রা অর্জনের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়।	২.১ প্রকল্পের ক্ষেত্রে লক্ষ্যমাত্রার সূচক/ক্ষেত্র হবে- 'উন্নয়ন প্রকল্প প্রস্তুতকরণ ও অনুমোদনের জন্য উপযুক্ত কর্তৃপক্ষের নিকট প্রেরণ'।
(৩) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি শীর্ষক লক্ষ্যমাত্রা	সকল সদস্যর সম্মতিক্রমে ২০২১-২২ অর্থবছরের এপিএ লক্ষ্যমাত্রা থেকে 'মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি' শীর্ষক লক্ষ্যমাত্রাটি অপসারণের সুপারিশ করা হয়। কেননা, সভায় জানানো হয়, এ বিষয়ে সরকারী নির্দেশনা অনুযায়ীই বর্তমানে গাড়ী ক্রয় স্থগিত রয়েছে। ফলে, এতদসংশ্লিষ্ট লক্ষ্যমাত্রাটি বাস্তবিক অর্থে অর্জন এ মূহুর্তে অসম্ভব। তবে, পরিস্থিতি বিবেচনাসাপেক্ষে পরবর্তীতে এই লক্ষ্যমাত্রাটির পুনঃঅন্তর্ভূক্তিকরণের বিষয়টি বিবেচনারও সুপারিশ করা হয়।	৩.১ ২০২১-২২ অর্থবছরের এপিএ লক্ষ্যমাত্রা থেকে 'মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি' শীর্ষক লক্ষ্যমাত্রাটি আপাতত অপসারণ করা হবে তবে পরিস্থিতি বিবেচনাসাপেক্ষে এর পুনঃঅন্তর্ভূক্তিকরণের বিষয়টি বিবেচনার সুযোগ থাকবে।
(৪) আবাসিক এলাকায় শিশুপার্ক	সভায় জানানো হয় বিপিএটিসি'র আবাসিক এলাকায় কতিপয় শিশুপার্ক প্রায় পরিত্যক্ত অবস্থায় রয়েছে যার সংস্কারপূর্বক পুনরায় ব্যবহার উপযোগীকরণের সুযোগ রয়েছে। ফলে, এতদসংশ্লিষ্ট লক্ষ্যমাত্রার গুরুত্ব সভায় চিহ্নিত হয়।	৪.১ আবাসিক এলাকায় শিশুপার্কের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা হবে 'শিশুপার্ক সংস্কার', 'শিশুপার্ক নির্মাণ' নয়।
(৫) ACR সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রা	কেন্দ্রের কর্মচারীগণের ACR বিপিএটিসি'র ওয়েব পোর্টালে আপলোডের কাজ চলমান রয়েছে মর্মে সভায় জানানো হয়। এ বিষয়ে অগ্রগতি সন্তোষজনক পর্যায়ে আছে বলে পূর্বের চেয়ে লক্ষ্যমাত্রা বাড়ানোর প্রস্তাব করা হয় এবং লক্ষ্যমাত্রা শতকরা (%) হারে প্রকাশের বিষয়ে সভায় মত পোষণ করা হয়।	৫.১ ACR সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রা শতকরা (%) হারে প্রকাশ করতে হবে।
(৬) অনলাইনে আবেদনকৃত ছুটি	বিপিএটিসি'র কর্মচারী কর্তৃক অনলাইনে আবেদনকৃত ছুটির ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা থেকে বর্ণিত লক্ষ্যমাত্রা বৃদ্ধির প্রস্তাব করা হয়। এক্ষেত্রে লক্ষ্যমাত্রা পূর্বের চেয়ে বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	৬.১ অনলাইনে আবেদনকৃত ছুটির ক্ষেত্রে লক্ষ্যমাত্রা হবে ২% এর পরিবর্তে ৮০%।
(৭) বিপিএটিসি'র ডকুমেন্ট তৈরি বিষয়ক লক্ষ্যমাত্রা	বিপিএটিসি'র জন্য একটি আদর্শ (Standard) ডকুমেন্টরি তৈরির বিষয়ে সভায় আলোচনা হয়। এক্ষেত্রে লক্ষ্যমাত্রা নির্ধারণের বিষয়ে একাধিক তারিখ বা ধাপ না রেখে একটিমাত্র তারিখ রাখার বিষয়ে সিদ্ধান্ত হয়। যার অর্জনে শতভাগ নম্বর পাওয়া যাবে।	৭.১ ডকুমেন্টরি তৈরির ক্ষেত্রে নির্ধারিত সময়সীমা হবে শুধুই ৩০ জুন ২০২১। অর্থাৎ উল্লিখিত সময়ের মধ্যে উক্ত কাজটি সম্পন্ন হলে ১০০% অর্জন দেখানো হবে। এতদসংশ্লিষ্ট পূর্বোক্ত পর্যায়গুলো বাদ দিতে হবে।

(৮) আইটি শাখার লক্ষ্যমাত্রাসমূহ	সভায় আইটি শাখার লক্ষ্যমাত্রাসমূহ পর্যালোচনা করা হয় এবং এতদসংশ্লিষ্ট টেকনিক্যাল শব্দগুলো পুনরায় পরীক্ষাসহ সঠিকভাবে উপস্থাপনের বিষয়ে মত পোষণ করা হয়।	৮.১ আইটি শাখার লক্ষ্যমাত্রাসমূহ পুনরায় পরীক্ষাসহ টেকনিক্যাল শব্দগুলো সঠিকভাবে উল্লেখ করতে হবে।
(৯) কেন্দ্রের বার্ষিক প্রতিবেদন প্রকাশ	বার্ষিক প্রতিবেদনের ক্ষেত্রে পূর্বে উল্লিখিত লক্ষ্যমাত্রা পরিবর্তনের সুপারিশ করা যেনো অর্জন ব্যাহত না হয়।	৯.১ কেন্দ্রের বার্ষিক প্রতিবেদনের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা হবে ইউনিট ভিত্তিক ০১ টি। এক্ষেত্রে পূর্বের তারিখ ভিত্তিক লক্ষ্যমাত্রা বাদ দিতে হবে।
(১০) গবেষণা শাখার লক্ষ্যমাত্রা	এপিএতে উল্লেখিত গবেষণা শাখার লক্ষ্যমাত্রার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এই প্রসঙ্গে বিদ্যমান করোনা অতিমারী পরিস্থিতিতে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়টিতেই প্রধান্য আরোপ করা হয়। এছাড়াও কেন্দ্রীয় বাজেট বরাদ্দের সঙ্গে গবেষণা সংখ্যার যেন সঙ্গতি থাকে সেই বিষয়ে সভার সদস্যবৃন্দ গুরুত্ব আরোপ করেন।	১০.১ গবেষণা শাখার জন্য লক্ষ্যমাত্রা হবে পূর্বের ০৫ (পাঁচ) টির পরিবর্তে ০৩ (তিন) টি গবেষণা।
(১১) লোক-প্রশাসন পত্রিকা ও নিউজ লেটার	লোক-প্রশাসন পত্রিকার ক্ষেত্রে লক্ষ্যমাত্রা তারিখভিত্তিক এর পরিবর্তে ইউনিটভিত্তিক করার সুপারিশ করা হয়। তবে নিউট লেটারের ক্ষেত্রে পূর্বের লক্ষ্যমাত্রা বহাল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১১.১ লোক-প্রশাসন পত্রিকার লক্ষ্যমাত্রা হবে ০১ (এক)। তবে নিউজ লেটারের লক্ষ্যমাত্রা হবে সংখ্যাভিত্তিক ০৪ (চারটি)।
(১২) কেন্দ্রের প্রশিক্ষণ বর্ষপঞ্জি	কেন্দ্রের প্রশিক্ষণ বর্ষপঞ্জিকা ২০২১-২২ নিয়ে সভায় জানানো হয় বর্ষপঞ্জিকার কাজ প্রায় শেষ পর্যায়ে। কেন্দ্র কর্তৃপক্ষের অনুমোদনসাপেক্ষে তা অনলাইনে প্রকাশসহ প্রকাশনা শাখায় প্রেরণের ব্যবস্থা করা হবে। এতদসংশ্লিষ্ট এপিএ লক্ষ্যমাত্রার ক্ষেত্রে তারিখভিত্তিক ইউনিট বহাল রাখার বিষয়ে সভায় ঐকমত্য পোষণ করা হয়।	১২.১ কেন্দ্রের প্রশিক্ষণ বর্ষপঞ্জিকা (২০২১-২২) এপিএতে উল্লেখিত নির্ধারিত তারিখ অনুযায়ীই প্রকাশের (বিশেষত অনলাইনে) ব্যবস্থা নিতে হবে।

উল্লিখিত প্রস্তাবনা/সিদ্ধান্তসমূহের আলোকে বিপিএটিসি'র ২০২১-২২ অর্থবছরের এপিএ প্রণয়নপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদনসাপেক্ষে নির্ধারিত সফটওয়ারে আপলোডকরণ ও এপিএ স্বাক্ষরের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের জন্যে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তি:- সভায় উপস্থাপিত খসড়া এপিএ (২০২১-২২)।

আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ
এমডিএস

স্মারক নম্বর: ০৫.০১.২৬৭২.১৩৩.০৫.০৯২.২১.৩

তারিখ: ২২ বৈশাখ ১৪২৮
০৫ মে ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অনুষদ সদস্য (সকল), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা-১৩৪৩।

২) রেক্টর-এর একান্ত সচিব, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

৩) সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

ড. মোঃ মহসীন আলী
পরিচালক